

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৫.০০১.২৩.২০

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩০

২১ মে ২০২৩

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিষয় খোলার অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় খোলার অনুমতি প্রদানের জন্য আবেদন পাওয়া গেছে:

ক্র. নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	আবেদনের বিষয়
১	শ্যামপুর বহুমুখী হাই স্কুল এন্ড কলেজ, শ্যামপুর, ঢাকা।	উচ্চ মাধ্যমিক পর্যায়ে সমাজকর্ম, পৌরনীতি ও সুশাসন বিষয় খোলা
২	ছোলমাইদ স্কুল অ্যান্ড কলেজ, গুলশান, ঢাকা।	উচ্চ মাধ্যমিক পর্যায়ে সমাজকর্ম ও অর্থনীতি বিষয় খোলা
৩	সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, কুর্মিটোলা, ঢাকা।	উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ভূগোল এবং মনোবিজ্ঞান বিষয় খোলা
৪	অগ্রণী উচ্চ বিদ্যালয়, সাভার, ঢাকা	মাধ্যমিক পর্যায়ে কৃষি শিক্ষা বিষয় খোলা
৫	বোদা পাইলট বালিকা বিদ্যালয় ও কলেজ, বোদা, পঞ্চগড়।	উচ্চ মাধ্যমিক পর্যায়ে কৃষি বিজ্ঞান এবং গার্হস্থ্য বিজ্ঞান বিষয় খোলা

বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্বে বর্ণিত বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত/সম্মিলিত করে নির্ধারিত ছক মোতাবেক মতামত/সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(১) মাধ্যমিক পর্যায়ের বিষয় খোলার ক্ষেত্রে পাঠদানের তারিখ, ০৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছর ভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ);

(২) উচ্চ মাধ্যমিক পর্যায়ের বিষয় খোলার ক্ষেত্রে পাঠদানের তারিখ, ০৩ বছরের এইচএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারী শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ; এবং

(৩) প্রতিষ্ঠানের EIIN ও ইমেইল নম্বর।



২১-৫-২০২৩

মো: মিজানুর রহমান

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল:

nongovt.secondary.sec1@shed.gov.bd

বিতরণ :

১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা

২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

দিনাজপুর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৫.০০১.২৩.২০/১(৫)

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩০  
২১ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) প্রধান শিক্ষক/অধ্যক্ষ/সভাপতি, .....



২১-৫-২০২৩

মো: মিজানুর রহমান  
উপসচিব